

আমার ভাঙা পথের রাঙা ধুলায় পড়েছে কার পায়ের চিহ্ন !
 তারি গলার মালা হতে পাপড়ি হোথা লুটায় ছিন্ন ॥
 এল যখন সাড়াটি নাই, গেল চলে জানালো তাই—
 এমন ক'রে আমারে হয় কে বা কাঁদায় সে জন ভিন্ন ॥
 তখন তরুণ ছিল অরুণ আলো, পথটি ছিল কুসুমকীর্ণ ।
 বসন্ত যে রঙিন বেশে ধরায় সে দিন অবতীর্ণ ।
 সে দিন খবর মিলল না যে, রইনু বসে ঘরের মাঝে—
 আজকে পথে বাহির হব বহি আমার জীবন জীর্ণ ॥

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Behag

Visit www.geetabitan.com for notation and other detail